

# জীবনানন্দ দাশের বরিশালের একি ভয়াবহ দৃশ্য!

জাফর উল্লাহ

সেপ্টেম্বর এর ৯ তারিখ ২০০৭ সনে এক প্রলয়ঙ্কারী ঝড় সাগর থেকে উত্থিত হয়ে খুলনা আর বরিশালের দক্ষিণাঞ্চলের দিকে ধাবিত হলো। প্রায় চল্লিশ ফুট উচু জলোচ্ছ্বাস গ্রামে – গঞ্জে- হাট- বাজারে নদীর মোহনায় এসে সবকিছু গ্রাস করে নিল অল্প সময়ের মধ্যে। গ্রামবাসীদের গোবাদী পশুসহ ছাগল-মুরগি- মুরগী সবই টেনে নিয়ে গেল লোনা সাগরের জলে। পরদিন সাত সকালে সূর্য উঠলো, ঝকঝকে তকতকে দিন। কে বলবে আগের রাত্তিরে তান্ডবলীলায় কত জীবজন্তু আর মানুষের প্রাণ হানী হয়েছে? খবরে শুনেছি যে অনেক মৎসজীবী না কি সাগর থেকে আর ফেরে আসেনি। সর্বনাশা সাগরে তা'দের সলিলসমাধি হলো; সেই সঙ্গে অকালে অনেক মহিলারা বিধবাত্ব বরণ করলো।

আমেরিকায় বসে বরিশাল আর খুলনার লোকদের দুরাবস্থার কথা শুনে আমার জীবনানন্দ দাশের একটি কবিতার কথা মনে পড়লো। দাশ বাবুর অনেক ক'টি কবিতায় তিনি মৃত্যুর আর মৃতের কথা ইনিয়ে বিনিয়ে লিখেছেন। আর তাঁর যে ছোট্ট কবিতাটি আমার মানসপটে ধরা দিল সেই কবিতাটাতেও মৃতের কথা তিনি লিখেছেন। ঘূর্ণী ঝড় বিদ্রুস্ত কবির দেশ বরিশাল আজ তাঁর ভাষায় নীরব। এই পোড়াকপালী দেশটির লোকেরা সুখ বলে যে একটা জিনিষ আছে তা আর কোনদিন বুঝতে পারবে না। বিধাতা বলে যদি কেউ থেকে থাকে – সে বলুক আর কত পশু আর নরবলী তার দরকার!!!

## কোথায় গিয়েছে

জীবনানন্দ দাশ

কোথায় গিয়েছে আজ সেইসব পাখি, - - আর সেইসব ঘোড়া –

সেই শাদা দালানের নারী ?

বাবলা ফুলের গন্ধে, সোনালি রোদের রঙ্গে ওড়া

সেইসব পাখি, আর সেইসব ঘোড়া

চ'লে গেছে আমাদের এ- পৃথিবী ছেড়ে;

হৃদয়, কোথায় বলো – কোথায় গিয়েছে আর সব!

অন্ধকারঃ মৃত নাসপাতিটির মতন নীরব।

Where they have all gone?

Jibanananda Das

Translation: A.H. Jaffor Ullah

Where they've gone all today, those birds, all those horses —  
    The woman from that white house?  
Smear'd with the fragrance of Acacia, flying through the sunbeam  
Those birds, all those horses  
    Left our mortal world;  
Soul, thou tell me — where have they all gone today?  
    Darkness: As silent as the dead pear.